মডিউল — ৩

নৈবেদ্য - রবীন্দ্রনাথ ঠাকুর

## ৩০ সংখ্যক কবিতা পাঠ

বৈরাগ্যসাধনে মুক্তি, সে আমার নয়।
অসংখ্য বন্ধন-মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ। এই বসুধার
মৃত্তিকার পাত্রখানি ভরি বারম্বার
তোমার অমৃত ঢালি দিবে অবিরত
নানাবর্ণগন্ধময়। প্রদীপের মতো
সমস্ত সংসার মোর লক্ষ বর্তিকায়
জ্বালায়ে তুলিবে আলো তোমারি শিখায়
তোমার মন্দির-মাঝে।

ইন্দ্রিয়ের দ্বার
রুদ্ধ করি যোগাসন, সে নহে আমার।
যে-কিছু আনন্দ আছে দৃশ্যে গন্ধে গানে
তোমার আনন্দ রবে তার মাঝখানে।

মোহ মোর মুক্তিরূপে উঠিবে জ্বলিয়া,
প্রেম মোর ভক্তিরূপে রহিবে ফলিয়া।

## সঠিক বিকল্পটি নির্বাচন করো : প্রতিটি প্রশ্নের মান-১

১. কবি যা আকাঙ্ক্ষা করেননি—***
ক) সন্ন্যাসের মধ্যে মুক্তি
খ) বৈরাগ্য সাধনে মুক্তি
গ) আধ্যাত্মিক সাধনায় মুক্তি
ঘ) জ্ঞানসাধনায় মুক্তি

২. বৈরাগ্য সাধনে মুক্তি এই কবিতাটি ইংরেজি 'গীতাঞ্জলি'-র যে সংখ্যা রূপে সংকলিত হয়েছে—***
ক) ৭০ নং
খ) ৭১ নং
গ) ৭২ নং
ঘ) ৭৩ নং

৩. 'অসংখ্য বন্ধন মাঝে' কবি চেয়েছিলেন—
ক) আনন্দের স্বাদ
খ) মুক্তির স্বাদ
গ) ব্রহ্ম উপলব্ধির স্বাদ
ঘ) সাধনায় সিদ্ধিলাভের স্বাদ

৪. মুক্তির যে স্বাদ, তা কবির ভাষায় কেমন?
ক) আনন্দময়
খ) আহ্লাদময়
গ) মহানন্দময়
ঘ) আত্মোপলব্ধিময়

৫. কবি এই বসুন্ধরার যে পাত্রখানি ভরিয়ে দিতে চেয়েছিলেন, তা হল—
ক) মৃত্তিকার পাত্রখানি
খ) কাঁসার পাত্রখানি
গ) সোনার পাত্রখানি
ঘ) মণিমুক্তা খচিত পাত্রখানি

৬. বসুন্ধরার মৃত্তিকার পাত্রখানি কবি ভরাতে চেয়েছিলেন—
ক) একবার
খ) বারম্বার
গ) শতবার
ঘ) বহুবার

৭. মৃত্তিকার পাত্রখানি কবি ভরাতে চেয়েছিলেন কী দিয়ে?
ক) স্বর্ণখণ্ড দিয়ে
খ) রত্নখণ্ড দিয়ে
গ) অমৃত দিয়ে
ঘ) আনন্দ দিয়ে

৮. ঈশ্বরের অমৃত প্রদানের কথা আছে—
ক) একবার
খ) একাধিকবার
গ) অবিরত
ঘ) অনন্ত

৯. 'বৈরাগ্য সাধনে মুক্তি' কবিতায় যে অমৃত ঢালার কথা আছে, তা কেমন?
ক) নানা সুগন্ধময়
খ) নানা বর্ণগন্ধময়
গ) নানা ইঙ্গিতময়
ঘ) নানা আনন্দময়



১০. সমস্ত সংসার যার মত আলোকিত—
ক) সূর্যের মতো
খ) চন্দ্রের মতো
গ) প্রদীপের মতো
ঘ) প্রকৃতির মতো

১১. ইন্দ্রিয়ের দ্বার রুদ্ধ করে কবি যা করতে চাননি—
ক) যোগাসন
খ) গীতাপাঠ
গ) ধর্মসাধনা
ঘ) ঈশ্বরের স্তুতি

১২. "সে নহে আমার।"—কী 'নহে'?***
ক) বৈরাগ্যসাধনা
খ) যোগাসন
গ) ভজন-সাধন
ঘ) পুজোপাঠ

১৩. "বৈরাগ্যসাধনে মুক্তি" সে কবির কাছে কেমন?
ক) আমার প্রার্থিত
খ) আমার প্রত্যাশিত
গ) আমার আকাঙ্ক্ষা
ঘ) আমার নয়

১৪. "যে-কিছু আনন্দ আছে।"—কোথায়?
ক) দৃশ্যে গন্ধে গানে
খ) বিশ্বে গানে গন্ধে
গ) গানে শিল্পে সাধনায়
ঘ) ভজন-সাধন সংগীতে

১৫. "তোমার আনন্দ রবে।"—কোথায়?
ক) তার শেষে
খ) তার মাঝখানে
গ) তার প্রথমে
ঘ) কোনোটিই নয়

১৬. মোহ কীভাবে জ্বলে উঠবে?
ক) শান্তিরূপে
খ) স্বস্তিরূপে
গ) মুক্তিরূপে
ঘ) আনন্দরূপে

১৭. প্রেম কীভাবে প্রতিফলিত হবে?
ক) মুক্তিরূপে
খ) ভক্তিরূপে
গ) স্বস্তিরূপে
ঘ) শান্তিরূপে

১৮. "রুদ্ধ করি যোগাসন।"—কী রুদ্ধ করি?***
ক) মনের দ্বার
খ) ইন্দ্রের দ্বার
গ) ইন্দ্রিয়ের দ্বার
ঘ) চেতনার দ্বার

## সঠিক উত্তর

১. খ) বৈরাগ্য সাধনে মুক্তি ২. ঘ) ৭৩ নং ৩. খ) মুক্তির স্বাদ ৪. গ) মহানন্দময় ৫. ক) মৃত্তিকার পাত্রখানি ৬. খ) বারম্বার ৭. গ) অমৃত দিয়ে ৮. গ) অবিরত ৯. খ) নানা বর্ণগন্ধময় ১০. গ) প্রদীপের মতো ১১. ক) যোগাসন ১২. খ) যোগাসন ১৩. ঘ) আমার নয় ১৪. ক) দৃশ্যে গন্ধে গানে ১৫. খ) তার মাঝখানে ১৬. গ) মুক্তিরূপে ১৭. খ) ...

# ৬৪ সংখ্যক কবিতা পাঠ

৭১৩০৩ পঁঃ
ডিসেম্বর মাস

শতাব্দীর সূর্য আজি রক্তমেঘ-মাঝে
অস্ত গেল, হিংসার উৎসবে আজি বাজে
অস্ত্রে অস্ত্রে মরণের উন্মাদ রাগিণী
ভয়ংকরী। দয়াহীন সভ্যতা-নাগিনী
তুলেছে কুটিল ফণা চক্ষের নিমিষে
গুপ্ত বিষদন্ত তার ভরি তীব্র বিষে।

স্বার্থে স্বার্থে বেধেছে সংঘাত, লোভে লোভে
ঘটেছে সংগ্রাম—প্রলয়-মন্থন-ক্ষোভে
ভদ্রবেশী বর্বরতা উঠিয়াছে জাগি
পঙ্কশয্যা হতে। লজ্জা শরম তেয়াগি
জাতিপ্রেম নাম ধরি, প্রচণ্ড অন্যায়
ধর্মেরে ভাসাতে চাহে বলের বন্যায়।
কবিদল চীৎকারিছে জাগাইয়া ভীতি
শ্মশানকুক্কুরদের কাড়াকাড়ি-গীতি।

আনুষঙ্গিক ব্যভিচারী ভাবগুলির সামঞ্জস্যময় মিশ্রণ ঘটেছে বলে কাব্য-চমৎকারের উদয় হয়েছে। শব্দ ও বাক্যের ওজোগুণ ভাবার্থকে অভিপ্রেত রূপ দিতে সাহায্য করেছে।

**চিত্রগীতময়ী রবীন্দ্রবাণী, পৃ. ১২৩**

৬.

নেপাল মজুমদার

বাংলার কাব্য-সাহিত্যে এ ভাব সম্পূর্ণ অভিনব ও অনাস্বাদিত। শুধু এদেশেই নয়— বিশ্বের তৎকালীন কবিকুলের মধ্যে খুব অল্প সংখ্যক কবিই সাম্রাজ্যবাদ ও জাতীয়তাবাদের প্রতি বিনিপাত জানাইয়া সেই সময়ে কিছু লিখিয়াছেন।

**ভারতে জাতীয়তা ও আন্তর্জাতিক এবং রবীন্দ্রনাথ, পৃ. ১৪১**

## সঠিক বিকল্পটি নির্বাচন করো : প্রতিটি প্রশ্নের মান-২

১. **"শতাব্দীর সূর্য আজি" কোথায় অস্ত গেল?******

ক) নীল আকাশের মাঝে খ) রক্তাম্বর আকাশের নীচে
গ) রক্তমেঘ-মাঝে ঘ) মেঘমুক্ত আকাশের মাঝে

২. **"আজি রক্তমেঘ মাঝে অস্ত গেল।"—কার অস্ত যাওয়ার কথা বলা হয়েছে?******

ক) শতাব্দীর সন্ধ্যা খ) শতাব্দীর স্বাধীনতা
গ) শতাব্দীর সূর্য ঘ) শতাব্দীর মেঘ

৩. **"অস্ত্রে অস্ত্রে মরণের"—মরণের কোন্ রাগিনীর উল্লেখ রয়েছে?******

ক) উন্মাদ রাগিনী খ) প্রয়ংকরী রাগিনী
গ) ভয়ংকরী রাগিনী ঘ) বিভৎস রাগিনী

৪. **"দয়াহীন সভ্যতা" কার সঙ্গে তুলনীয় হয়েছে?*****

ক) বাঘের সঙ্গে খ) নাগিনীর সঙ্গে
গ) হায়নার সঙ্গে ঘ) অজগরের সঙ্গে

৫. **"দয়াহীন সভ্যতা-নাগিনী তুলেছে"—কী তুলেছে?**

ক) ভয়ংকর ফণা খ) জটিল ফণা
গ) বিষাক্ত ফণা ঘ) কুটিল ফণা

৬. **"তুলেছে কুটিল ফণা"—কীভাবে?**

ক) আকস্মিক ভাবে খ) চক্ষের নিমেষে
গ) মুহূর্তের মধ্যে ঘ) এক পলকে



৭. **তীব্র বিষে ভরে উঠেছিল—**

ক) গুপ্ত দেহ খ) ঘুমন্ত শরীর
গ) সমগ্র মস্তিষ্ক ঘ) গুপ্ত বিষদন্ত

৮. **পারস্পরিক সংঘাত বেধেছিল—**

ক) লোভে লোভে খ) ক্ষোভে ক্ষোভে
গ) স্বার্থে স্বার্থে ঘ) মনে মনে

৯. **"লোভে লোভে ঘটেছে"—কী ঘটেছে?***

ক) সংগ্রাম খ) সংঘাত
গ) সংঘর্ষ ঘ) সংশয়

১০. **"উঠিয়াছে জাগি"—কী উঠেছে?***

ক) ভদ্রবেশী শত্রুতা খ) ভদ্রবেশী বর্বরতা
গ) ভদ্রবেশী নগ্নতা ঘ) ভদ্রবেশী ভয়ংকরতা

১১. **"প্রচণ্ড অন্যায়" হয়েছিল যার মাধ্যমে—**

ক) ধর্মপ্রেম খ) জাতিপ্রেম
গ) মানবপ্রেম ঘ) বিশ্বপ্রেম

১২. **"ধর্মেরে ভাসাতে চাহে"—কীভাবে ধর্মকে ভাসাতে চেয়েছিল?***

ক) প্রেমের বন্যায় খ) ধর্মের বন্যায়
গ) বলের বন্যায় ঘ) আবেগের বন্যায়

১৩. **"কবিদল চীৎকারিছে"—কীভাবে?**

ক) জাগাইয়া আনন্দ খ) জাগাইয়া কান্না
গ) জাগাইয়া গান ঘ) জাগাইয়া ভীতি

১৪. **"কাড়াকাড়ি-গীতি"—কাদের মধ্যে কাড়াকাড়ি বেঁধেছিল?******

ক) শ্মশান-কুক্কুরদের মধ্যে খ) শ্মশান-শৃগালদের মধ্যে
গ) শ্মশান-কুকুরদের মধ্যে ঘ) শ্মশান-চণ্ডালদের মধ্যে

১৫. **কারা "চীৎকারিছে জাগাইয়া ভীতি"?***

ক) নেতাগণ খ) কবিদল
গ) দার্শনিকদল ঘ) ধার্মিকগণ

## সঠিক উত্তর

১. গ) রক্তমেঘ-মাঝে, ২. গ) শতাব্দীর সূর্য, ৩. ক) উন্মাদ রাগিনী, ৪. খ) নাগিনীর সঙ্গে ৫. ঘ) কুটিল ফণা ৬. খ) চক্ষের নিমেষে ৭. ঘ) গুপ্ত বিষদন্ত ৮. গ) স্বার্থে স্বার্থে ৯. ক) সংগ্রাম ১০. খ) ভদ্রবেশী বর্বরতা ১১. খ) জাতিপ্রেম ১২. গ) বলের বন্যায় ১৩. ঘ) জাগাইয়া ভীতি ১৪. ক) শ্মশান-কুক্কুরদের মধ্যে ১৫. খ) কবিদল

# ৬৬ সংখ্যক কবিতা পাঠ

স্বার্থের সমাপ্তি অপঘাতে। অকস্মাৎ
পরিপূর্ণ স্ফীতি-মাঝে দারুণ আঘাত
বিদীর্ণ বিকীর্ণ করি চূর্ণ করে তারে
কাল-ঝঞ্ঝা-ঝংকারিত দুর্যোগ-আঁধারে।
একের স্পর্ধারে কভু নাহি দেয় স্থান
দীর্ঘকাল নিখিলের বিরাট বিধান।

স্বার্থ যত পূর্ণ হয় লোভ-ক্ষুধানল
তত তার বেড়ে ওঠে—বিশ্বধরাতল
আপনার খাদ্য বলি না করি বিচার
জঠরে পুরিতে চায়। বীভৎস আহার
বীভৎস ক্ষুধারে করে নির্দয় নিলাজ
তখন গর্জিয়া নামে তব রুদ্র বাজ।

ছুটিয়াছে জাতিপ্রেম মৃত্যুর সন্ধানে
বাহি স্বার্থতরী, গুপ্ত পর্বতের পানে।

the people who suffer, who struggle, who fall and rise again, and who ever march forward on tghe rough road, drenched with their sweat and their blood,—the people comprsing all men all equally our brothers...''

বিশ্বমানবিকতার একটি ঐতিহাসিক দলিল এটি।

## ৬৬ সংখ্যক কবিতা : প্রাজ্ঞজনের চোখে

১.

প্রভাত কুমার মুখোপাধ্যায়

পাশ্চাত্য জাতিসমূহের...উদ্ধত ব্যবহারের পরিণাম সম্বন্ধে কবি কল্পনা করিয়া বলিয়াছেন 'স্বার্থের সমাপ্তি অপঘাতে' একদিন হইবে। **রবীন্দ্রজীবনী-২, আনন্দ পাবলিশার্স, পৃ. ১৭**

২.

প্রমথনাথ বিশী,

য়ুরোপ নেশনতন্ত্রী—এই নেশনতন্ত্রের উগ্র সাধনায় সে মনুষ্যত্বের সীমা ছাড়াইয়া গিয়াছে—কিন্তু ধর্ম তাঁহার ন্যায়দণ্ড লইয়া ইহার প্রতিবিধান কবিরার জন্য প্রস্তুত হইয়া আছে।

**রবীন্দ্রকাব্য প্রবাহ-১, পৃ. ১৭২**

৩.

আবু সয়ীদ আইয়ুব

বক্সার বিদ্রোহ দমনে পাশ্চাত্য শক্তিবর্গের নিষ্ঠুরতা এবং বোয়ার যুদ্ধের নৃশংসতা কবিকে খুবই বিলচিত করেছিলো। বিচলিত করেছিলো, কিন্তু ঐশীবিধানে তাঁর নিটোল আস্থায় ফাটল ধরাতে পারেনি। তিনি ধ'রে নিলেন যে, পশ্চিমী সভ্যতার শক্তিমদমত্ততা এবং সংকীর্ণ জাতিপ্রেমরূপ পাপ এই দুঃখের কারণ। সুতরাং দুঃখকে আমাদেরই পাপের শাস্তি ব'লে গ্রহণ করতে হবে। "স্বার্থের সমাপ্তি অপঘাতে" হবেই।

**আধুনিকতা ও রবীন্দ্রনাথ, পৃ. ৪৮**

৪.

নেপাল মজুমদার

জাতীয়তাবাদের বিরুদ্ধে ইহাই বোধ হয় তাঁহার প্রথম কবিতা। জাতীয়তার নামে সাম্রাজ্যবাদী শক্তিবর্গ কীভাবে দুনিয়াকে আপনাদের মধ্যে ভাগ-বাঁটোয়ারা করিয়া লইবার উদ্দেশ্যে স্বার্থ-সংঘাতে লিপ্ত হইয়াছে, কবি তাহা গভীরভাবে লক্ষ্য করিয়াছেন।

**ভারতে জাতীয়তা ও আন্তর্জাতিকতা এবং রবীন্দ্রনাথ-১, পৃ. ১৪১**



## সঠিক বিকল্পটি নির্বাচন করো : প্রতিটি প্রশ্নের মান-২

১. **"স্বার্থের সমাপ্তি" কীসে?**
ক) অপমৃত্যুতে খ) অপহরণে
গ) অপঘাতে ঘ) অপশাসনে

২. **"অকস্মাৎ পরিপূর্ণ"—কোথায় পরিপূর্ণ?**
ক) স্ফীতি-মাঝে খ) স্ফীতি-অন্তে
গ) স্ফীতি-আরম্ভে ঘ) কোনোটিই নয়

৩. **"দারুণ আঘাত" যা করে—**
ক) বিদীর্ণ বিশীর্ণ করে খ) বিকীর্ণ বিদীর্ণ
গ) বিদীর্ণ বিকীর্ণ ঘ) চূর্ণ বিচূর্ণ

৪. **"কাল-ঝঞ্ঝা-ঝংকারিত" হয় কীসের দ্বারা?**
ক) দুর্যোগ-আঁধারে খ) দুর্যোগ-দুর্বিপাকে
গ) দুরন্ত-অন্ধকারে ঘ) বিপদে-বিভ্রান্তিতে

৫. **"কভু নাহি দেয় স্থান"—কী স্থান দেয়নি?*****
ক) অন্যের স্পর্ধারে খ) একের স্পর্ধারে
গ) পরস্পরের স্পর্ধারে ঘ) মাত্রাতিরিক্ত স্পর্ধারে

৬. **"দীর্ঘকাল নিখিলের" মধ্যে যা ছিল—***
ক) বিরাট বিধান খ) বিরাট ব্যবধান
গ) বিরাট আয়োজন ঘ) বিরাট বৈচিত্র্য

৭. **"স্বার্থ যত পূর্ণ হয়" ততই বেড়ে ওঠে—**
ক) লোভ-লালসা খ) লোভ-নৃশংসতা
গ) লোভ-জিঘাংসা ঘ) লোভ-ক্ষুধানল

৮. **বিশ্বধরাতল যা বিচার করে না—**
ক) আপনার সাম্রাজ্য খ) আপনার খাদ্য
গ) আপনার পরিণাম ঘ) আপনার গতি

৯. **"জঠরে পুরিতে চায়"— কী?****
ক) বিশ্বসংসার খ) বিশ্বনির্মাণ

**১০. "বিভৎস ক্ষুধারে করে"—কী করে?*****

ক) নির্দয় নির্মম
খ) নির্দয় শাসন
গ) নির্দয় অত্যাচার
ঘ) নির্দয় নিলাজ

**১১. "তখন গর্জিয়া নামে"—কী নামে?***

ক) তব রুদ্র প্রহার
খ) তব রুদ্র রূপ
গ) তব রুদ্র বাজ
ঘ) তব রুদ্র স্বভাব

**১২. "ছুটিয়াছে জাতিপ্রেম"—কোথায়?**

ক) জীবনের সন্ধানে
খ) মরণের সন্ধানে
গ) আত্মীয়তার সন্ধানে
ঘ) ধ্বংসের সন্ধানে

**১৩. "মৃত্যুর সন্ধানে" কী ছুটেছে?**

ক) ধর্মপ্রেম
খ) জাতিপ্রেম
গ) মানবপ্রেম
ঘ) সংস্কারপ্রেম

**১৪. "গুপ্ত পর্বতের পানে"—কী চলেছে?****

ক) স্বার্থবিমান
খ) স্বার্থরথ
গ) স্বার্থতরী
ঘ) স্বার্থযন্ত্র

## সঠিক উত্তর

১. ক) অপমৃত্যুতে, ২. ক) স্ফীতি-মাঝে, ৩. গ) বিদীর্ণ বিকীর্ণ, ৪. ক) দুর্যোগ-আঁধারে ৫. খ) একের স্পর্ধারে ৬. খ) চক্ষের নিমেষে ৭. ঘ) লোভ-ক্ষুধানল ৮. খ) আপনার খাদ্য ৯. গ) বিশ্বধরাতল ১০. ঘ) নির্দয় নিলাজ ১১. গ) তব রুদ্র বাজ ১২. খ) মরণের সন্ধানে ১৩. খ) জাতিপ্রেম ১৪. গ) স্বার্থতরী।

# ৭০ সংখ্যক কবিতা পাঠ

তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে
অর্পণ করেছ নিজে, প্রত্যেকের' পরে
দিয়েছ শাসনভার, হে রাজাধিরাজ।
সে গুরু সম্মান তবে সে দুরূহ কাজ
নামিয়া তোমারে যেন শিরোধার্য করি
সবিনয়ে, তব কার্যে যেন নাহি ডারি
কভু কারে।
ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি উঠে খরখড়্গ-সম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে, আর, অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

# ৭০ সংখ্যক কবিতা : প্রাজ্ঞজনের চোখে

১

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়

কবি চন্দ্রময় পরমেশ্বরকে অন্তরে অন্তরে অনুভব করিয়াই ক্ষান্ত হইতেছেন না, তাঁহাকেই নিজের চিত্তমন্দিরে পূর্ণ গৌরবে প্রতিষ্ঠিত করিয়া তাঁহারই সৈনিকরূপে এই সংসাররণক্ষেত্রে দৃপ্ত পদক্ষেপে বিচরণ করিতে চাহিতেছেন।

রবিরশ্মি-পশ্চিমভাগে, পৃ. ২৮

২

নীহাররঞ্জন রায়

ইহাই আমার বলিষ্ঠ সত্যসন্ধানী জীবনের প্রার্থনা।... মনুষ্যত্বের একটি পরিপূর্ণ আদর্শ অপূর্ব বলিষ্ঠ ভাষা ও ভঙ্গিতে ফুটিয়া উঠিল। কবির এক নূতন পরিচয় আমরা পাইলাম।

রবীন্দ্রসাহিত্যের ভূমিকা, পৃ. ৯৯

৩

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

কবির (আর) একটি উজ্জ্বল নীতিঘোষণা—একটি মহান জীবনাদর্শকে স্মরণীয় উক্তিবিন্দ করিয়া নিখিল মানবচিত্তের নিকট তুলিয়া ধরিয়াছে। অত্যাচারের প্রতিরোধ, নিপীড়িত মানবাত্মার মর্যাদারক্ষা শুধু রাষ্ট্রনীতি নয়, শাশ্বত ধর্মনীতির ও ঈশ্বরাভিপ্রায়ের নির্দেশরূপে অত্যাজ্য কর্তব্যের উচ্চতর বেদীতে সমুন্নত হইয়াছে।

রবীন্দ্র-সৃষ্টি-সমীক্ষা, পৃ. ১৫

৪

উপেন্দ্রনাথ ভট্টাচার্য

রবীন্দ্রকাব্যে যে বিশ্ববোধ, প্রকৃতি ও মানবের মধ্যে গূঢ়তর রহস্য-চেতনা, মানব-মহিমার জয়গান, সার্বজনীন ভাব ও আদর্শপ্রীতি, অপার্থিব প্রেম ও সৌন্দর্যধ্যান লক্ষ্য করা যায়, তাহার উদ্ভব হইয়াছে এক অতীন্দ্রিয় ও অধ্যাত্ম-অনুভূতি হইতে। অতীন্দ্রিয় অনুভূতিই রবীন্দ্রকাব্য-প্রতিভার বিশিষ্ট স্বরূপ।

রবীন্দ্রকাব্য-পরিক্রমা, ওরিয়েন্ট বুক কোম্পানি, কলকাতা, ১লা অগ্রহায়ণ ১৪১৬, পৃ. ১২

৫

বিমল কুমার মুখোপাধ্যায়

● ১ নৈবেদ্য-এ সনাতন ভারতীয় ভাবধারা ও সংস্কৃতির প্রতি কবি ভক্তি-বিগলিত।

রবীন্দ্রনন্দনতত্ত্ব, দে'জ, কলকাতা, এপ্রিল ২০০৭ পৃ. ৬৭

● ২ গীতাঞ্জলি 'গীতিমাল্য' ও 'গীতালি'—এই কাব্যত্রয় (১৩১৪-১৩২১) রচনা কাল কবি-জীবনের এক বিশেষ ভাবপর্ব। অন্তরের আধ্যাত্মিক বাসনামথিত এই কাব্যত্রয় রবীন্দ্রনাথের কবি জীবনের এক নতুন বাঁকের নির্দেশ দিল যার সম্ভাবনা দেখা গিয়েছিল 'খেয়া' ও 'নৈবেদ্য' কাব্যগ্রন্থদ্বয়ে।

রবীন্দ্রনন্দনতত্ত্ব, দে'জ, কলকাতা, এপ্রিল ২০০৭ পৃ. ১১৬



## সঠিক বিকল্পটি নির্বাচন করো : প্রতিটি প্রশ্নের মান-২

"তোমার ন্যায়ের দণ্ড" কবিতাটি কোথায় প্রকাশিত হয়?***

ক) ভারতী পত্রিকায় খ) বিজলী পত্রিকায়

গ) নবপর্যায় বঙ্গদর্শন পত্রিকায় ঘ) সবুজপত্র পত্রিকায়

"তোমার ন্যায়ের দণ্ড" কবিতাটি কবে মুদ্রিত হয়?

ক) ১৫ মে ১৯০১ খ) ২৩ সেপ্টেম্বর ১৯০৫

গ) ১৮ ডিসেম্বর ১৯১১ ঘ) ২৩ মে ১৯২১

"তোমার ন্যায়ের দণ্ড"—কার উপরে অর্পণ করা হয়েছে?***

ক) কবির উপরে খ) শিষ্যের উপরে

গ) প্রত্যেকের উপরে ঘ) বিচারকের উপরে

"প্রত্যেকের 'পরে/দিয়েছ শাসনভার।"—কে দিয়েছেন?

ক) ভগবান খ) কবি

গ) রাজাধিরাজ ঘ) শাসক

"সে গুরু সম্মান তব সে"—— (শূন্যস্থানে বসবে)

ক) দুরূহ ধর্ম খ) দুরূহ কাজ

গ) দুরূহ দর্শন ঘ) দুরূহ নির্দেশ

"নমিয়া তোমারে যেন"— 'তোমারে' বলতে কাকে বোঝানো হয়েছে?***

ক) ঈশ্বরকে খ) কবিকে

গ) শাসককে ঘ) রাজাধিরাজকে

"নমিয়া তোমারে যেন শিরোধার্য করি"— কীভাবে?

ক) সশ্রদ্ধায় খ) সানন্দে

গ) সবিনয়ে ঘ) স্বাধিকারে

"ক্ষমা যেথা"—কেমন?

ক) ক্ষীণ সরলতা খ) ক্ষীণ দুর্বলতা

গ) ক্ষীণ আনন্দধারা ঘ) ক্ষীণ শক্তিধারা

৯. "নিষ্ঠুর যেন হতে পারি তথা"—কার নির্দেশে?***

ক) ভগবান খ) পরম পিতা

গ) রুদ্র ঘ) বিষ্ণু

১০. "যেন রসনায় মম/সত্যবাক্য ঝলি উঠে"—কীসের মতো?

ক) খরখড়্গ-সম খ) খরকৃপাণ-সম

গ) খরঅস্ত্র-সম ঘ) খরবজ্র-সম

১১. "যেন রাখি তব মান"—কোথায় বসে?**

ক) তোমার গৃহ প্রাঙ্গণে খ) তোমার মন্দির প্রাঙ্গণে

গ) তোমার বিচারাসনে ঘ) তোমার কক্ষে বসে

১২. "অন্যায় যে করে, আর"—'আর' কী?***

ক) অন্যায় যে মানে খ) অন্যায় যে বলে

গ) অন্যায় যে সহে ঘ) অন্যায় যে কহে

১৩. "তব ঘৃণা যেন তারে"—'তারে' কী করবে?**

ক) তৃণসম মানে খ) তৃণসম গণে

গ) তৃণসম ফেলে ঘ) তৃণসম দহে

১৪. "যেন হতে পারি।"—কেমন হওয়ার কথা বলেছেন?***

ক) নিষ্ঠুর খ) মানবিক

গ) আদর্শ মনোভাবাপন্ন ঘ) মূল্যবোধসম্পন্ন

## সঠিক উত্তর

১. গ) নবপর্যায় বঙ্গদর্শ পত্রিকায়, ২. ক) ১৫ মে ১৯০১, ৩. গ) প্রত্যেকের উপরে ৪. গ) রাজাধিরাজ ৫. খ) দুরূহ কাজ ৬. ঘ) রাজাধিরাজকে ৭. গ) সবিনয়ে ৮. খ) ক্ষীণ দুর্বলতা ৯. গ) রুদ্র ১০. ক) খরখড়্গ-সম ১১. গ) তোমার বিচারাসনে ১২. গ) অন্যায় যে সহে ১৩. ঘ) তৃণসম দহে ১৪. ক) নিষ্ঠুর

## ৭২ সংখ্যক কবিতা পাঠ

চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির,
জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর
আপন প্রাঙ্গণতলে দিবসশর্বরী
বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি,
যেথা বাক্য হৃদয়ের উৎসমুখ হতে
উচ্ছ্বসিয়া উঠে, যেথা নির্বারিত স্রোতে
দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়
অজস্র সহস্রবিধ চরিতার্থতায়,

যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
বিচারের স্রোতঃপথ ফেলে নাই গ্রাসি,
পৌরুষেরে করে নি শতধা; নিত্য যেথা
তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা—
নিজ হস্তে নির্দয় আঘাত করি পিতঃ
ভারতের সেই স্বর্গে করো জাগরিত।

বিশ্বে পথ দেখাতে পারে না। সুতরাং রবীন্দ্রনাথ এই জাতিকে সুখাভিলাসী না হয়ে কর্মমুখী, জীবনমুখী, বৃত্তিমুখী হওয়ার আহ্বান জানিয়েছেন।

## ৭২ সংখ্যক কবিতা : প্রাজ্ঞজনের চোখে

১.

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়

এই কবিতায় কবি যে প্রার্থনা করিয়াছেন তাহা সর্বসংস্কারমুক্ত বলিষ্ঠ আত্মার প্রার্থনা, সম্পূর্ণ মানুষ্যত্বে প্রতিষ্ঠিত হইবার জন্য সত্যসন্ধ বিগতভীঃ সমদর্শী ভারতবর্ষের বাণীমূর্তির প্রার্থনা।

রবিরশ্মি-পশ্চিম, পৃ. ২৮

২.

সুকুমার সেন

জীবনসংগ্রামে কবি দেশের জন্য প্রার্থনা করিতেছেন।

বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ৩য় খণ্ড, পৃ. ১৩১

৩.

নীহাররঞ্জন রায়

স্বদেশ এবং স্বদেশ-মহিমা সম্বন্ধে প্রার্থনা উচ্চারিত হইয়াছে কয়েকটি কবিতায়, সব কয়টিই একটা মহান অধ্যাত্ম-আদর্শে বাঁধা, কিন্তু সর্বশ্রেষ্ঠ প্রার্থনা ধ্বনিত হইয়াছে বহুকণ্ঠগীত বহুজনবন্দিত এই কবিতাটিতে।

রবীন্দ্রসাহিত্যের ভূমিকা, পৃ. ৯৪

৪.

প্রমথনাথ বিশী,

কবিতাটিতে কবি সংক্ষেপে এবং সম্যকভাবে ভারতে সেই আদর্শ স্বর্গের বর্ণনা করিয়াছেন।

রবীন্দ্রকাব্য প্রবাহ-১, পৃ. ১৭৭

৫.

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

নৈতিক আদর্শের সর্বজনগ্রাহ্য ভাব সমুন্নতির গুণে ও সমপরিমাণে কাব্যব্যঞ্জনার আপেক্ষিক অভাবের জন্যই রবীন্দ্র জীবননীতির কেন্দ্রস্থ প্রকাশরূপে অ-বাঙালী সমজদারের বহু-উদ্ধৃতি-ধন্য হইয়া আন্তর্জাতিক বিদগ্ধ সমাজে স্বীকৃতি লাভ করিয়াছে। 'নৈবেদ্য'-এর সমস্ত তাৎপর্য ও আবেদন যেন ঐ একটি পদে সংহত হইয়া রবীন্দ্রভক্তের ধ্যানমন্ত্রাবৃত্তির গৌরবে সমাসীন হইয়াছে।

রবীন্দ্র-সৃষ্টি-সমীক্ষা, পৃ. ১৫০-৫১



**সঠিক বিকল্পটি নির্বাচন করো : প্রতিটি প্রশ্নের মান-২**

১. "চিত্ত যেথা—"
ক) ভয়মুক্ত খ) ভয়যুক্ত
গ) ভয়শূন্য ঘ) ভয়পূর্ণ

২. "উচ্চ যেথা—" কী?
ক) হৃদয় খ) শির
গ) শরীর ঘ) বাসস্থান

৩. "জ্ঞান যেথা—"
ক) মুক্ত খ) বদ্ধ
গ) রুদ্ধ ঘ) প্রাণবন্ত

৪. "আপন প্রাঙ্গণ তলে" যার অবস্থান—
ক) দিনরজনী খ) দিবসশর্বরী
গ) দিবসযামিনী ঘ) দিনরাত্রি

৫. "বসুধারে রাখে নাই"—কীভাবে?*
ক) খণ্ড খণ্ড করি খ) খণ্ড বিখণ্ড করি
গ) খণ্ড ক্ষুদ্র করি ঘ) খণ্ড বৃহৎ করি

৬. "রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি"—কাকে?*
ক) সূর্যকে খ) চন্দ্রকে
গ) মানুষকে ঘ) বসুধাকে

৭. "হৃদয়ের উৎসমুখ হতে"—কী নির্গত হয়?**
ক) ধ্বনি খ) শব্দ
গ) অর্থ ঘ) বাক্য

৮. "দেশে দেশে দিশে দিশে"—কী ধায়?*
ক) কর্মযজ্ঞ খ) কর্মধারা
গ) কর্মপ্রবাহ ঘ) কর্মসূত্র

৯. "যেথা তুচ্ছ আচারের"—তুচ্ছ আচারকে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন?***
ক) মরুঝড় খ) মরুসাগর
গ) মরুবালুরাশি ঘ) মরুদ্যান

১০. "নিত্য যেথা তুমি"—তুমি কে?**

ক) কবির পিতা
খ) কবির আচার্য
গ) কবির জীবনদেবতা
ঘ) কবির দীক্ষাগুরু

১১. "তুমি সর্ব কর্ম চিন্তা"—এর পরের অংশ হল—

ক) আনন্দের হোতা
খ) আনন্দের নেতা
গ) আনন্দের সম্পাদক
ঘ) আনন্দের নির্মাতা

১২. "নিজ হস্তে নির্দয় আঘাত করি"—কে আঘাত করবেন?

ক) পিতঃ
খ) পিতা
গ) মাতা
ঘ) ভগবান

১৩. "সেই স্বর্গে করো জাগরিত।"—কাকে জাগরিত করার কথা বলা হয়েছে?

ক) পৃথিবীকে
খ) বাংলাদেশকে
গ) ভারতকে
ঘ) কবিকে

১৪. "ফেলে নাই গ্রাসি"—কী ফেলেনি?

ক) বিচারের বন্ধ্যা নিয়ম
খ) বিচারের স্রোতঃপথ
গ) বিচারের নিয়ম-কানুন
ঘ) বিচারের নামে প্রহসন

## সঠিক উত্তর

১. গ) ভয়শূন্য ২. খ) শির ৩. ক) মুক্ত ৪. খ) দিবসশর্বরী ৫. গ) খণ্ড ক্ষুদ্র করি ৬. ঘ) বসুধাকে ৭. ঘ) বাক্য ৮. খ) কর্মধারা ৯. গ) মরুবালুরাশি ১০. গ) কবির জীবনদেবতা ১১. খ) আনন্দের নেতা ১২. ক) পিতঃ ১৩. গ) ভারতকে ১৪. খ) বিচারের স্রোতঃপথ।

# ৯২ সংখ্যক কবিতা পাঠ

শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন
দেখিতে দেখিতে আজি ঘিরিছে ভুবন।
দেশ হতে দেশান্তরে স্পর্শবিষ তার
শান্তিময় পল্লী যত করে ছারখার।
যে প্রশান্ত সরলতা জ্ঞানে সমুজ্জ্বল,
স্নেহে যাহা রসসিক্ত, সন্তোষে শীতল,
ছিল তাহা ভারতের তপোবনতলে।
বস্তুভারহীন মন সর্ব জলে স্থলে
পরিব্যাপ্ত করি দিত উদার কল্যাণ,
জড়ে জীবে সর্বভূতে অবারিত ধ্যান
পশিত আত্মীয়রূপে। আজি তাহা নাশি
চিত্ত যেথা ছিল সেথা এল দ্রব্যরাশি,
তৃপ্তি যেথা ছিল সেথা এল আড়ম্বর,
শান্তি যেথা ছিল সেথা স্বার্থের সমর।

## সঠিক বিকল্পটি নির্বাচন করো : প্রতিটি প্রশ্নের মান-২

১. "শক্তিদম্ভ স্বার্থলোভ"—কেমন?
ক) মৃত্যুর মতন খ) মারীর মতন
গ) ক্ষয়ের মতন ঘ) ধ্বংসের মতন

২. "মারীর মতন"—কী?
ক) শক্তিদম্ভ স্বার্থলোভ খ) শক্তিদম্ভ সর্বস্বলোভ
গ) শক্তিদম্ভ ভয়ংকর লোভ ঘ) শক্তিদম্ভ বিভৎস লোভ

৩. "দেখিতে দেখিতে আজি ঘিরিছে"—কী ঘিরেছে?
ক) সূর্য খ) আকাশ
গ) সাগর ঘ) ভুবন

৪. "দেশ হতে দেশান্তরে"—কী দেখাযায়?
ক) স্পর্শদোষ খ) স্পর্শ বিদ্বেষ
গ) স্পর্শবিষ ঘ) স্পর্শ সুখ

৫. "স্পর্শবিষ তার"— কোথায় দেখা যায়?
ক) গ্রাম থেকে গ্রামান্তরে খ) নগর থেকে প্রান্তে
গ) দেশ হতে দেশান্তরে ঘ) দ্বীপ থেকে সাগরে

৬. "শান্তিময় পল্লী যত করে"—কী করে?
ক) লণ্ডভণ্ড খ) দক্ষযজ্ঞ
গ) যজ্ঞনাশ ঘ) ছারখার

৭. "করে ছারখার।"—কাকে ছারখার করে?
ক) শান্তিময় নগরী খ) শান্তিময় পল্লী
গ) শান্তিময় পৃথিবী ঘ) শান্তিময় প্রকৃতি

৮. "যে প্রশান্ত সরলতা"—সরলতা কেমন?
ক) জ্ঞানে আনন্দময় খ) জ্ঞানে সমুজ্জ্বল
গ) জ্ঞানে উজ্জ্বল ঘ) জ্ঞানে মুক্ত

৯. "স্নেহে যাহা রসসিক্ত, সন্তোষে"—কী?
ক) আনন্দময় খ) শীতল
গ) অপূর্ব ঘ) সুন্দর



১০. "ছিল তাহা ভারতের"—কোথায়?
ক) মন্দির প্রাঙ্গণে খ) গৃহপ্রাঙ্গণে
গ) আকাশ তলে ঘ) তপোবন তলে

১১. "বস্তুভার মন সর্ব"—কোন্‌খানে?
ক) জলে স্থলে খ) আকাশে-ভূমিতে
গ) মর্ত্যে-পাতালে ঘ) সমুদ্রে-পাহাড়ে

১২. "পরিব্যাপ্ত করে দিত"— কী?
ক) উদার সম্পর্ক খ) উদার আনন্দ
গ) উদার কল্যাণ ঘ) উদার মমতা

১৩. "জড়ে জীবে সর্বভূতে"—কী দেখাযায়?
ক) অবারিত মঙ্গল খ) অবারিত ধ্যান
গ) অবারিত আনন্দ ঘ) অবারিত জ্ঞান

১৪. "জড়ে জীবে সর্বভূতে অবারিত ধ্যান পশিত"—কীভাবে?
ক) আনন্দরূপে খ) মঙ্গলরূপে
গ) আত্মীয়রূপে ঘ) বন্ধুরূপে

১৫. "চিত্ত যেথা ছিল সেথা এল"—কী?
ক) দ্রব্যসমগ্র খ) দ্রব্যরাশি
গ) বস্তুসমূহ ঘ) পুঞ্জিভূতবস্তু

১৬. "তৃপ্তি যেথা ছিল সেথা এল"—কী এল?
ক) ঐশ্বর্য খ) আড়ম্বর
গ) ধ্যান ঘ) গভীরতা

১৭. "শান্তি যেথা ছিল সেথা"—কী দেখাগেল?
ক) স্বার্থের সমর খ) স্বার্থের সম্পর্ক
গ) ব্যক্তিগত স্বার্থ ঘ) জাতিগত স্বার্থ

## সঠিক উত্তর

১. খ) মারীর মতন ২. ক) শক্তিদম্ভ স্বার্থলোভ ৩. ঘ) ভুবন ৪. গ) স্পর্শবিষ ৫. গ) দেশ হতে দেশান্তরে ৬. ঘ) ছারখার ৭. খ) শান্তিময় পল্লী ৮. খ) জ্ঞানে সমুজ্জ্বল ৯. খ) শীতল ১০. ঘ) তপোবন তলে ১১. ক) জলে স্থলে ১২. গ) উদার কল্যাণ ১৩. খ) অবারিত ধ্যান ১৪. গ) আত্মীয়রূপে ১৫. খ) দ্রব্যরাশি ১৬. খ) আড়ম্বর ১৭. ক) স্বার্থের সমর